প্রতিষ্ঠা: ১ মার্চ ২০১৮ ইং

# জেলা প্রশাসন স্কুল ও কলেজ

ডিসি অফিস রোড, গোপালগঞ্জ।

Zela Proshason School and College

EIIN: 139219 মোবাইল: ০১৭০৫ ৪০ ৫৫ ৪০। ইমেইল: zpsc2018@gmail.com, ওয়েব সাইট: zpsc.edu.bd

তারিখ: ২৬/০৮/২০২৫

## ** নোটিশ**

সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টিভিসি (টাইফয়েডে কনজুগেট ভ্যাক্সিন) ক্যাম্পেইন এ টিকা প্রাপ্তির জন্য আগামী ১০ অক্টোবর এর মধ্যে নার্সারি থেকে নবম শ্রেণির সকল শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন সম্পন্ন করে নিবন্ধন কার্ড নিজ নিজ শ্রেণি শিক্ষকের নিকট জমা দেওয়ার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।

মাসুদ আহম্মদ
উপাধ্যক্ষ
জেলা প্রশাসন স্কুল ও কলেজ
গোপালগঞ্জ

# টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন (টিসিভি) টিকাদান ক্যাম্পেইন

- টাইফয়েড জ্বর (Typhoid Fever) প্রতিরোধযোগ্য একটি রোগ। টাইফয়েড জ্বরের ঝুঁকির কারণগুলির মধ্যে রয়েছে দরিদ্রতা; ঘন জনবসতি, অপর্যাপ্ত নিরাপদ পানি, অস্বাস্থ্যকর স্যানিটেশন, ও স্বাস্থ্যবিধি (WASH) অবকাঠামো; এবং অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস।
- টাইফয়েড জ্বর সালমোনেলা টাইফি (S. typhi) ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট একটি মারাত্নক সংক্রামক রোগ। এই রোগে আক্রান্ত ব্যক্তি রক্তপ্রবাহে এবং অন্ত্রে ব্যাকটেরিয়া বহন করে।
- কিভাবে রোগ ছড়ায় : ব্যাকটেরিয়া (Salmonella typhi) দ্বারা দূষিত খাবার বা পানির মাধ্যমে এই রোগটি ছড়ায়।
- টিসিভি, টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন (Typhoid Conjugate Vaccine) একটি নিরাপদ, কার্যকর এবং নিয়মিত টিকাদান কর্মসূচীর জন্য WHO দ্বারা সুপারিশকৃত টিকা, যা টাইফয়েড জ্বর প্রতিরোধ এবং নিয়ন্ত্রণের জন্য একটি স্বল্প খরচ ও সমন্বিত পদ্ধতির অংশ হিসেবে নিরাপদ পানি, স্বাস্থ্যকর স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধির সাথে যুক্ত।
- টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন - ২০২৫ ক্যাম্পেইনের উদ্দিষ্ট জনগোষ্ঠীঃ
  * শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৯ম শ্রেণি/ সমমান শ্রেণি পর্যন্ত সকল ছাত্র-ছাত্রী (প্লে/ নার্সারি, কিন্ডারগার্টেন, বাংলা ও ইংলিশ ভার্সন, ইংলিশ মিডিয়াম, মাদ্রাসা, কারিগরি ও অন্যান্য সকল শিক্ষা প্রতিষ্ঠান)
  * শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত কমিউনিটির শিশু (৯ মাস- ১৫ বছরের কম বয়সী সকল শিশু)
- দেশব্যাপী মোট ১৮ কর্মদিবস ক্যাম্পেইনের টিকাদান কার্যক্রম পরিচালিত হবে। তন্মধ্যে প্রথম ১০দিন শিক্ষা প্রতিষ্ঠানে ও স্থায়ী কেন্দ্রসমূহে টিকাদান কার্যক্রম চলবে। পরবর্তী ৮দিন স্থায়ী ও অস্থায়ী কেন্দ্রসমূহে টিকা প্রদান করা হবে।
- টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনের টিকা গ্রহণের জন্য রেজিস্ট্রেশন:

  ***উদ্দিষ্ট জনগোষ্ঠীকে তাদের ১৭ ডিজিটের জন্ম নিবন্ধন নম্বর দ্বারা ইপিআই ভ্যাকসিনেশন অ্যাপের (https://vaxepi.gov.bd)মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে।

  ***টিকা গ্রহণকারী সকল উদ্দিষ্ট শিশু/ ছাত্র-ছাত্রী VAXEPI অ্যাপ হতে টিকার সনদ ডাউনলোড করতে পারবেন।

CS CamScanner

## টিসিভি সম্পর্কিত যোগাযোগের মূল বার্তাসমূহ:

- টাইফয়েড জ্বর ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট একটি সংক্রামক রোগ। মূলতঃ দূষিত পানি ও খাবারের মাধ্যমে এই রোগের জীবাণু শরীরে প্রবেশ করে।
- দেশে প্রতিবছর প্রায় ৫ লক্ষ মানুষ টাইফয়েড জ্বরে আক্রান্ত হয়, তার মাঝে প্রায় ৮০০০ জন মৃত্যুবরণ করে যার অধিকাংশই ১৫ বছরের কম বয়সী শিশু।
- ১ ডোজ টিসিভি (টাইফয়েড কনজুগেট ভ্যাকসিন) প্রদানের মাধ্যমে টাইফয়েড জ্বর প্রতিরোধ করা যায়।
- বাংলাদেশ সরকারের উদ্যোগে বিনামূল্যে এই টিকা প্রদান করা হচ্ছে।
- টিসিভি খুবই নিরাপদ ও কার্যকরী। সারা বিশ্বব্যাপী এই টিকা মারাত্মক প্রতিক্রিয়া ছাড়াই লক্ষ লক্ষ শিশু গ্রহণ করছে।
- যে সকল দেশে টাইফয়েড রোগের প্রাদুর্ভাব বেশি সেসব দেশে যেমন পাকিস্তান এবং নেপালেও এই টিকা প্রদান করা হচ্ছে।
- টিসিভি দেয়ার পর অন্যান্য ইপিআই টিকার মতই সামান্য প্রতিক্রিয়া যেমন টিকা দেওয়ার স্থানে চামড়া লাল হওয়া, ফুলে যাওয়া, সামান্য ব্যথা, অল্প জ্বর, মাথা ব্যথা, ক্লান্তি ভাব, এবং মাংসপেশীতে ব্যথা ইত্যাদি দেখা দিতে পারে যেগুলি এমনিতেই ভাল হয়ে যায়।
- এই টিকা ভবিষ্যতে নারীর গর্ভকালীন জটিলতা, প্রজনন ক্ষমতা হ্রাস কিম্বা সন্তান ধারণে কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করে না বরং এই টিকা টাইফয়েড জ্বর হতে সুরক্ষিত রাখে।
- টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন চলাকালীন শিক্ষা প্রতিষ্ঠানের নার্সারি/প্লে থেকে ৯ম /সমমান শ্রেণির ছাত্র-ছাত্রী এবং কমিউনিটির শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সী শিশুদের ০১ ডোজ টিসিভি টিকা দেওয়া হবে।
- ক্যাম্পেইন চলাকালীন টিকা গ্রহণের জন্য নির্দিষ্ট তারিখে শিক্ষা প্রতিষ্ঠানে/নিয়মিত টিকাদান কেন্দ্রে টিসিভি টিকার ডাউনলোড করা কার্ডটি সাথে নিয়ে আসতে হবে।
- অভিভাবক/পিতা মাতাকে এটাও জানাতে হবে, যে সকল শিশুর জন্ম নিবন্ধন সনদ নেই, সে সকল শিশুদের প্রিন্টেড টিসিভি কার্ড প্রদানের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
- টিকা দেয়ার পর মাতা-পিতা/অভিভাবকগণ টিকাদান কার্ড ভবিষ্যৎ প্রয়োজনে নিজেদের কাছে সংরক্ষণ করবেন।
- অনলাইনে রেজিস্ট্রেশনকৃত টিকা গ্রহীতা টিকা গ্রহণের পর টিকাসনদ ডাউনলোড করতে পারবেন।

CamScanner